বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল
পানি ভবন, ৭২ গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd



নম্বর: ৪২.০১.০০০০.০০০.০০৫.২২.০০০২.১৮.৮৪

তারিখ: ১ আশ্বিন ১৪৩৩
১৬ সেপ্টেম্বর ২০২৬

## সার্কুলার

**বিষয়: পিপিআর, ২০২৫ এর বিধি-৯৯ (১) (ঠ) মোতাবেক সরাসরি ক্রয় পদ্ধতিতে (DPM) প্রাকৃতিক দুর্যোগ বা অনুরূপ সংকট মোকাবেলায় আপদকালীন জরুরী কাজ বাস্তবায়ন প্রসঙ্গে।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক প্রাকৃতিক দুর্যোগ বা অনুরূপ সংকট মোকাবেলায় বিশেষ করে বর্ষা মৌসুমে আকস্মিক নদী ভাঙ্গনের হাত হতে বাপাউবো'র বন্যা নিয়ন্ত্রণ বাঁধ, অবকাঠামোসহ সরকারী গুরুত্বপূর্ণ স্থাপনা, শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় উপসনালয় এর মত স্পর্শকাতর স্থাপনাসমূহ রক্ষার্থে সরাসরি ক্রয় পদ্ধতিতে আপদকালীন জরুরী কাজ বাস্তবায়ন করা হয়ে থাকে। বাপাউবো'র আর্থিক ক্ষমতা অর্পণ-২০১৬ এর A.6 (X) (NDR) মোতাবেক জরুরী ঘোষণা করার ক্ষমতা সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলী'র নিকট ন্যস্ত। এক্ষেত্রে, আপদকালীন জরুরী কাজ বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়সমূহ অনুসরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ আপদকালীন জরুরী কাজ ঘোষণার পূর্বে সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান/ প্রধান প্রকৌশলীর সাথে আলোচনা করে মৌখিক অনুমতি গ্রহণ করবেন। কোনো ক্ষেত্রেই অতিরিক্ত প্রধান/ প্রধান প্রকৌশলীগণের সাথে আলোচনা ব্যতীত জরুরী ঘোষণা করা যাবে না।

২। জোনের অতিরিক্ত প্রধান/ প্রধান প্রকৌশলীগণ কর্তৃক প্রশাসনিক অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ ব্যতীত কোনো জরুরী কাজ বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করা যাবে না।

৩। জরুরী কাজ বাস্তবায়ন সম্পর্কিত বোর্ডের ইতোপূর্বের নির্দেশনা/জারীকৃত সার্কুলারসমূহ বলবৎ থাকবে।

৪। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ সার্কুলারটি জারী করা হলো।

HAlam
১৬-০৯-২০২৬
মোঃ হাফিজুল আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
ফোন : ০২২২২২৩০০১৫
ইমেইল : se.cpc.bwdb@gmail.com

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ**

১। প্রধান প্রকৌশলী/অতিঃ প্রধান প্রকৌশলী/সমমানের কর্মকর্তা (সকল), ......................................................., বাপাউবো।
২। সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/সমমানের কর্মকর্তা (সকল), ......................................................., বাপাউবো।

৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা ( সার্কুলারটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫। নির্বাহী প্রকৌশলী (সকল)/সমমানের কর্মকর্তা (সকল), ................................................, বাপাউবো।

৬। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক, পূর্ব রিজিওন/ পশ্চিম রিজিওন/ পনগ/ প্রশাসন/ অর্থ , বাপাউবো, ঢাকা।

১৬-০৯-২০২৬
সৌরভ কুমার দাস
নির্বাহী প্রকৌশলী (পুর)